গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

## মার্চ ২০১৬ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খান মোঃ নুরুল আমিন<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৪-০৩-২০১৬ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ' । |

সভার প্রারম্ভে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ৩০ লক্ষ শহীদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে এবং উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কুড়িগ্রাম পর্যায়ক্রমে আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত এনজিও কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দকে স্ব স্ব সংস্থার কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। সংস্থা ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ।**

আলোচনা : উপস্থাপিত ফেব্রুয়ারি ২০১৬ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**আলোচ্যসূচি-২ : আরডিআরএস বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম এর কর্মসূচি সমন্বয়কারী সভায় অবহিত করেন যে,আরডিআরএস বাংলাদেশ চর জীবিকায়ন কর্মসূচীর প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা-পরিবার পরিকল্পনা প্রকল্পটি ২ জন প্যারামেডিক ও ১৪ জন স্বাস্থ্য কর্মী নিয়ে ১২ টি কেন্দ্রের মাধ্যমে মোট ১৪ টি গ্রামে কাজ করে। সংস্থা কর্তৃক পরিচালিত কমিউনিটি হেলথ্ প্রোগ্রামে মা ও শিশু স্বাস্থ্য, যক্ষা-কুষ্ঠ এবং আই কেয়ার প্রজেক্ট এর কার্যক্রম যথারীতি চলছে। বিশ্ব খাদ্য সংস্থার অনুদানে স্কুল ফিডিং(ডাব্লিউএফপি) প্রকল্পে ফেব্রুয়ারি ২০১৬ মাসে কুড়িগ্রাম জেলার ৪১৫ টি এনজিও পরিচালিত উপানুষ্ঠানিক/প্রাথমিক বিদ্যালয়ের মোট ২০,৪১৮ জন ছাত্র-ছাত্রীদের মাঝে ওয়্যার হাউজ থেকে মোট ৪৮.৪৭৩ মেট্রিক টন ও স্কুল ফিডিং(ডিপিই) প্রকল্পে কুড়িগ্রাম জেলার ৯ টি উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মাদরাসায় ছাত্র-ছাত্রীদের ওয়্যার হাউজ থেকে ৪৮০.২৪৭৫ মেঃ টন বিস্কুট(এইচইবি) বিতরণ করা হয় এবং উদ্বুদ্ধকরণ প্রক্রিয়ার মাধ্যমে ৬ টি স্কুলে শাক-সবজীর বাগান করা হয়েছে। রিড প্রকল্পের আওতাধীন ৬০ টি প্রাথমিক বিদ্যালয়ের মোট ১২০ জন সহকারী শিক্ষকদের অংশগ্রহণে চারটি ব্যাচে পড়তে শেখার নির্দেশনা ও মূল্যায়ন বিষয়ক সঞ্জীবনী প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৩ : সলিডারিটি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : নির্ধারিত এনজিওদের মধ্যে সলিডারিটি, কুড়িগ্রাম তার সংস্থার নিজস্ব কার্যক্রমের উপর তথ্যচিত্র উপস্থাপন করেন এবং উপস্থাপিত কার্যক্রমের উপর বিভিন্ন রকম প্রশ্নের উত্তর দেন। সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, এসএফএসসিপি প্রকল্পে ব্রেড ফর দ্য ওয়ার্ল্ড, জার্মানী'র অর্থায়নে রৌমারী উপজেলায় লক্ষ্যভূক্ত ১০০ জন তাদের আয় ও কর্মস্থান বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও এককালীন প্রতিজনকে ৬,০০০/ টাকা হিসেবে মোট ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের জন্য রাজিবপুর উপজেলায় ৫০ জন দরিদ্র নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। রুরাল ওয়াস প্রকল্পের আওতায় প্রায় ৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ে ২ টি স্কুল ল্যাট্রিন কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং ৩০ টি প্লাটফর্ম নির্মিত হয়েছে। ইনরিচ প্রকল্পের আওতায় ৪ টি স্যাটেলাইট ক্লিনিকে ১১৫ জন রোগীকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধকরণ প্রকল্পের আওতায় মানুষের জন্য ফাউন্ডেশনের সহায়তায় ৪৫০ জন কর্মজীবি শিশুকে ২২,৫০০/ (বাইশ হাজার পাঁচশত) টাকা শিক্ষা সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৪ : জীবিকার কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : জীবিকা কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, চর জীবিকায়ন কর্মসূচি প্রকল্পে ফেব্রুয়ারি ২০১৬ মাসে ১৭ টি ল্যাট্রিন মেরামত, বাল্য বিবাহ রোধ ১ টি, জন্ম নিবন্ধন ১২ টি এবং মৃত্যু নিবন্ধন করা হয়েছে ১ টি। ডিএনআইপি প্রজেক্টে মোট ২৮৫০ টি এমএনপি এবং ১২২৭০ টি আইএফএ ট্যাবলেট বিতরণ করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

চলমান-২

আলোচ্যসূচি-৫ : **ইএসডিও এর কার্যক্রম সম্পর্কে আলোচনা ।**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৫টি প্রকল্প কুড়িগ্রাম জেলার ৯ টি উপজেলার ৭২ টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার ১০টি ইউনিয়নে পরিবেশ বান্ধব পাটজাত পণ্যের বহুমুখী উৎপাদন এবং বাংলাদেশের স্থায়ীত্বশীল প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়নের আর্থিক সহায়তায় এবং কেয়ার বাংলাদেশের কারিগরি সহযোগিতায় "সুইচ-এশিয়াঃ প্রোমোটিং সাসটেইনেবল কনজাম্পশন অ্যান্ড প্রোডাকশন অব জুট ডাইভার্সিফাইড প্রোডাক্টস প্রজেক্ট",স্বপ্ন প্রকল্প ,ইমারজেন্সি ফ্লাড রেসপন্স (ই এফ আর) প্রকল্প, ই আর প্রকল্প ও ম্যাক্স ওয়াশ প্রকল্প পরিচালনা করে আসছে। ইউএনডিপির আর্থিক সহায়তায় স্ট্রেন্দেনিং ওইমেনস্ এবিলিটি ফর প্রোডাক্টিভ নিউ অপরচুনিটিস (স্বপ্ন) প্রজেক্ট কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলায় ৭২টি ইউনিয়নে মোট ২৫৯২ জন মহিলা উপকারভোগী পরিবারের খাদ্য নিরাপত্তা ও আর্থ-সামাজিক উন্নয়নকল্পে কার্যক্রম প্রজেক্ট বাস্তবায়ন করছে। গত জুলাই ২০১৫ ইং থেকে কুড়িগ্রাম পৌরসভার ২২ টি স্লামে ম্যাক্স ফাউন্ডেশনের অর্থায়নে ম্যাক্স ভ্যালু ফর ওয়াশ ইন আরবান স্লাম প্রকল্প স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি, স্যানিটেশন ও হাইজিন বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন করেছে। গত ০১ জানুয়ারি ২০১৬ তারিখ হতে ইউএনডিপি, এফএও, ডাব্লিউএফপি এ ইউনিসেফ এর সহযোগীতায় কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলার ৪ টি ইউনিয়নে আর্লি রিকভারী ফ্যাসিলিটি (ই আর) প্রকল্প এবং ইনহ্যান্স রেজিল্যান্স (ই আর) প্রকল্প কুড়িগ্রাম জেলার ৮ টি উপজেলায় বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৬ : **কেয়ার এর কার্যক্রম সম্পর্কে আলোচনা ।**

আলোচনা : কেয়ার বাংলাদেশ,কুড়িগ্রাম এর এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৭ : **মুসলিম এইড এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৮ : **বিডিএসসি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : বিডিএসসি, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৯ : **টিএমএসএস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জোন নিয়ন্ত্রিত PRIME কর্মসূচির আওতায় ১২ টি শাখায় স্বাস্থ্য সেবা ও শিক্ষা কর্মসূচি চালু রয়েছে । প্রতিটি শাখায় ১ জন করে প্যারামেডিকস স্টাফ ও ২জন করে CHP এর মাধ্যমে মানুষের স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। প্রাইম প্রকল্পের আওতাধীন ১২ টি শাখার মাধ্যমে ১২ জন ডিপ্লোমাধারী ও প্রশিক্ষণ প্রাপ্ত অভিজ্ঞ পিওটি দ্বারা সদস্যদের বাড়ী বাড়ী গিয়ে তাদের গবাদী পশুর স্বাস্থ্যসেবাসহ নানা ধরনের গবাদী পশুর স্বাস্থ্যগত দিক সম্পর্কে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হয় । কৃষি পণ্য উৎপাদন, প্রসেসিং, গরু মোটা তাজাকরণ, পোল্ট্রি হ্যাচারী, কারচুপি, বাঁশ বেতের কাজ, কেঁচো সার, মোবাইল সার্ভিসিং ও সেলাই ইত্যাদি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য পিকেএসএফ এর সহায়তায় PRIME ও MFMSF প্রকল্পের অধীনে সদস্যদেরকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেছে। সচেতনতা বৃদ্ধিমূলক কমসূচির আওতায় সংস্থা প্রদত্ত উৎপাদন ও উন্নয়ন নামক বহির বিভিন্ন বিষয়ে প্রতি সপ্তাহে সদস্যাদের মাঝে আলোচনা করা হয়। ফেব্রুয়ারি ২০১৬ মাসে আয়োজিত এজেন্ডা ছিল "বাল্য বিবাহ প্রতিরোধ"। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ১০ : **বুরো বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এলাকা ব্যবস্থাপক,বুরো বাংলাদেশ, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/রাজারহাট/উলিপুর/চিলমারী/নাগেশ্বরী শাখা'র মাধ্যমে ১২,১৭৬ জন উপকারভোগীর মাঝে ফেব্রুয়ারি ২০১৬ মাসে ২,২৩,৭৫,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করেছে। এছাড়া সংস্থার গৃহিত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ১১ : **কেডিএবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কেডিএবি'র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কেডিএবি, চিলমারী উপজেলায় ১ টি প্রাথমিক ও ১ টি মাধ্যমিক বিদ্যালয় দেশি বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। কুষ্ঠরোগী পরিবারের অবহেলিত সন্তানদের মাঝে স্টাইপেন্ড প্রদান করা হচ্ছে এবং কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদের গার্মেন্টস প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০ টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ১২ : **ওভা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ওভা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৩ : **বকুলতলী মহিলা সংসদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৪ : **কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন (কেনা) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কুড়িগ্রাম এনজিও এসোসিয়েশন (কেনা) কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার থেতরাই, হাতিয়া, গুনাইগাছ ও বজরা ইউনিয়নে কার্যক্রম পরিচালনা করছে এবং সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৫ : **কিরারা নোকাই এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কিরারা নো কাই, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৬ : **এসো দেশ গড়ি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এসো দেশ গড়ি ,উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৭ : **সিডিডিএফ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৮ : **টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন (সুইজারল্যান্ড) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন (সুইজারল্যান্ড), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্ প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে।

আলোচ্যসূচি-১৯ : **টেরে ডেস্ হোমস্ ইতালী এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং মহা বিদ্যালয়ে স্পন্সরশীপ সহায়তা প্রকল্পের আওতায় দুঃস্থ পরিবারের অধ্যয়নরত ১২৯ জন কিশোর এবং ৩১০ জন কিশোরী মোট ৪৪৯ জনকে শিক্ষা সহায়তা যেমন- বই,সাদা কাগজ,রেজিস্টার, কলম, সকল ধরনের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। সংস্থা কর্তৃক পরিচালিত চিলমারী উপজেলাতে ১ টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১ টি মোট ২ টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২৩ জন ছেলে এবং ৩৭১ জন মেয়ে মোট ৬৯৪ জনকে শিক্ষা সহায়তা যেমন- বই,সাদা কাগজ,রেজিস্টার, কলম, সকল ধরনের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২০ : **গ্রাম উন্নয়ন কেন্দ্র, চিলমারী,কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

**আলোচনা** গ্রাম উন্নয়ন কেন্দ্র, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২১ : **শিশু পল্লী প্লাস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

**আলোচনা** : শিশু পল্লী প্লাস, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী, উলিপুর ও ভূরুঙ্গামারী উপজেলায় তাদের সংস্থা আবেদনকৃত মায়েদের বাড়ি পরিদর্শন, তাদের শিশু পল্লী প্লাস যেতে সহায়তা করা, রিলিজ প্রাপ্ত মায়েদের সাথে সভা করা, তাদের ছেলে মেয়েদের শিক্ষা সহায়তা হিসেবে ২ জন শিক্ষক নিয়ে পড়ার কাজ শুরু করা হয়েছে। বিভিন্ন সরকারি বেসরকারি সেবা সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত আছে। সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২২ : **উদ্দীপন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : উদ্দীপন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, উদ্দীপন বর্তমানে কুড়িগ্রামে ১টি জেলা অফিস ও ১১টি শাখা অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে। ৩ জন পল্লী প্যারামেডিক ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর স্বাস্থ্য সেবা কাজ করছে। এমবিবিএস ডাক্তারদের তত্বাবধানে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১০ টাকা সেবামূল্য নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হয়। প্রাইম কর্মসূচির আওতায় সদস্যদের হাস-মুরগী পালন, গরু মোটা তাজাকরণ, সবজী চাষ, কারচুপি, বাঁশ ও বেত, কেঁচো সার তৈরী, ম্যাট তৈরীসহ প্রভৃতি বিষয়ের উপর ৫ জন পিএ টেক ও ১ জন আইজিএ অফিসারের মাধ্যমে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৫ জন পিএ টেক ও ১ জন আইজিএ অফিসার ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর এর মাধ্যমে উঠান বৈঠক করে সদস্যদের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এ পর্যন্ত ১০০ টি উপকারভোগী পরিবারকে টিউবওয়েলের গোড়া পাকাকরণ এবং জলাবদ্ধ পায়খানা তৈরিতে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৩ : **সচেতন নাগরিক কমিটি (সনাক) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সনাক এর নিয়মিত মাসিক সভা গত ১০ ফেব্রুয়ারি এবং ইয়েস এর নিয়মিত মাসিক সভা গত ০৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত হয়। গত ১৫ ফেব্রুয়ারি কুড়িগ্রাম সদর হাসপাতাল চত্বরে ইয়েস গ্রুপ একটি ভ্রাম্যমান তথ্য ও পরামর্শ কেন্দ্র পরিচালনা করে। “স্কুল ও পরিবারের যৌথ চেষ্টায় শিক্ষার্থীর জীবন উন্নত হয়” এই শ্লোগানকে সামনের রেখে গত ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ মানস্ম্ত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে এবং বিদ্যালয় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সনাক কুড়িগ্রামের উদ্যোগে যতিনেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘মা সমাবেশ’ অনুষ্ঠিত হয়। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৪ : **ফ্রেন্ডশীপ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ফ্রেন্ডশীপ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৫,০০৯ জন সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষ প্রাথমিক স্বাস্থ্যসেবা পাচ্ছেন। চরাঞ্চলের ০-১৮ মাস বয়সী সকল শিশুরা ইপিআই কার্যক্রমের আওতায় এসেছে। ৫০ জন দক্ষ mHealth(মোবাইল হেলথ্) FCMS এর মাধ্যমে দুর্গম এলাকার রোগীরাও আধুনিক প্রযুক্তির সেবা ও চিকিৎসা পাচ্ছেন। ভাসমান হাসপাতালের মাধ্যমে চর এলাকার মানুষদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। আর্থ- সামাজিক উন্নয়নে কুড়িগ্রাম সদর,চিলমারী ও রাজিবপুর উপজেলায় ৩ টি তাঁত সেন্টার, ২ টি সেলাই প্রশিক্ষণ কেন্দ্র ও ১ টি এমব্রয়ডারী কেন্দ্র স্থাপন করে ১৩৫ জন নারীর কর্মসংস্থানসহ তাদের সামাজিক মর্যাদা বৃদ্ধি করেছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

চলমান-৪

আলোচ্যসূচি-২৫ : **আফাদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : নির্বাহী প্রধান, আফাদ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সিডিডি এর অর্থায়নে শ্রবন দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫ টি ইউনিয়নে ৪ জনকে থেরাপী সেবা এবং Strengthening Capacity and Networking of NSAs and LAs on Disability (SCANED) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। উবীনীগ এর অর্থায়নে মা ও শিশুমৃত্যু হার হ্রাসকরণ প্রকল্পে উলিপুর উপজেলায় ১৮০ জন গর্ভবতী মাকে পরামর্শ প্রদান করা হয়েছে। ইউএসসিসিবি, কানাডা'র অর্থায়নে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে এআরসি প্রোগ্রামের আওতায় ২১৩ জন কিশোরীকে নিয়মিত শিক্ষাদান কর্মসূচি, ৮ জন কিশোরীকে আয়বৃদ্ধিমূলক কর্মসূচি এবং সচেতনতা বৃদ্ধিমূলক ১ টি সেশন করা হয়েছে। আফাদ এর গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৬ : **ব্র্যাক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ব্র্যাক, কুড়িগ্রামের প্রতিনিধি, সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২৭ : **জনকল্যাণ কেন্দ্র এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : জনকল্যাণ কেন্দ্র, রৌমারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২৮ : **এইড কুমিল্লা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এইড কুমিল্লা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২৯ : **আশা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩০ : **অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা,রাজারহাট, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা রাজারহাট উপজেলায় ভিজিডি কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচি মোতাবেক রাজারহাট উপজেলার ৭ টি ইউনিয়নে ভিজিডি উপকারভোগী ২৬৪৮ জনের ফেব্রুয়ারি ২০১৬ মাস পর্যন্ত নগদ সঞ্চয় ৯,৮৫,৪৪৫/- টাকা এবং উক্ত টাকা ব্যাংকে জমা প্রদান করা হয়েছে। ফেব্রুয়ারি ২০১৬ মাসে রাজারহাট উপজেলার প্রতিটি ইউনিয়নের প্রত্যেক সুবিধাভোগীদের মাঝে "শাক সবজি চাষ" বিষয়ে প্রশিক্ষণ চলমান। সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩১ : **মেরী স্টোপস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার,মেরী স্টোপস, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপেনডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে ফেব্রুয়ারি ২০১৬ মাসে ৫১৬ জন সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩২ : **ছিন্নমুকুল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ছিন্নমুকুল,কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩৩ : **কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩৪ : **সিড়ি সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সিড়ি, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩৫ : **উদয় এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সিনিয়র শাখা ব্যবস্থাপক, উদয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তঁর সংস্থা কুড়িগ্রাম জেলার উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় ০৩(তিন) টি শাখা বিদ্যমান। বিগত ২০১৩-২০১৪ ভিজিটিতে জীবন মান উন্নয়ন ও আয়বৃদ্ধিমূলক কর্মসূচি পরিচালনা করেছে। বর্তমানে সরকারি কোন প্রজেক্ট না থাকায় মাইক্রোক্রেডিট রেগুলারেটি অথরিটির অনুমোদনে স্বল্প পরিসরে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে।

আলোচ্যসূচি-৩৬ : **কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কাশেম ফাউন্ডেশন,উলিপুর, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩ টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর কুড়িগ্রামে ফেব্রুয়ারি ২০১৬ মাসে ৩৬২১ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে তন্মধ্যে ১২৭ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/দরিদ্র/নিম্ন মধ্যবিত্ত ৬৩ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। ১৩৪ জনের মাঝে ফ্রি চশমা বিতরণ করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার ফেব্রুয়ারি ২০১৬ মাসে কুড়িগ্রাম জেলায় ৫৫ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ৭ জন গর্ভবতী মায়ের টিটি টিকা এবং ১৪৮ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

চলমান-৫

আলোচ্যসূচি-৩৭ : **ঠিকানা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : পরিচালক (কর্মসূচি ও মানব সম্পদ), ঠিকানা সংস্থা, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, গত জানুয়ারি ২০১৫ মাসে সংস্থার সকল প্রকল্পগুলোর কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে সংস্থায় কোন চলমান প্রক্প বিদ্যমান নেই।

আলোচ্যসূচি- ৩৮ : **প্রুফস-আইডিই প্রোজেক্ট এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রুফস-আইডিই প্রোজেক্ট, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে তার সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৩৯ : **প্রশিকা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রশিকা, উলিপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৪০ : **সানু মেমোরিয়াল সোসাইটি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা শিশুদের জন্য কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর উপজেলায় ১ টি বিদ্যালয়ে প্রাথমিক ও কুড়িগ্রাম সদর,উলিপুর ও নাগেশ্বরী উপজেলায় মোট ৫ টি বিদ্যালয়ে ৩৩০ জন শিশুর প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এ ছাড়াও সংস্থা গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪১ : **পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৪২ : **সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে ফেব্রুয়ারি ২০১৬ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪৩ : **সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার,সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে ফেব্রুয়ারি ২০১৬ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪৪ : **সিএমইএস,ফুলবাড়ী, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইউনিট অর্গানাইজার,সিএমইএস, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সিএমইএস কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলায় সাধারণ শিক্ষা, প্রযুক্তি শিক্ষা ও জেন্ডার মোট ৩ টি কর্মসূচি নিয়ে কাজ করছে এবং সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪৫ : **সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ম্যানেজার,সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষে ২০১৫-১৬ চক্রের জন্য উলিপুর উপজেলার ১৩ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি ও প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ২৯ ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত মোট ১৪,২১,০০৬/- টাকা সঞ্চয় আদায় করা হয়েছে এবং উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, উলিপুর শাখার হিসাব নং-১০০১৪৭৯০২ এ জমা প্রদান করা হয়েছে। এছাড়াও জেলা পরিষদের অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিতরণকৃত ৯ টি হুইল চেয়ার ও ৬ টি রিক্সা গ্রহণকারী উপকারভোগী প্রতিবন্ধীদের কার্যক্রম সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।

আলোচ্যসূচি- ৪৬ : **এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কমিউনিটি মোবিলাইজার, এসিডি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম পৌরসভা ও রাজারহাট উপজেলা এলাকায় Strengthening Tobacco Control in Rajshahi & Rangpur Division প্রকল্প এর আওতায় সিভিল সার্জন অফিস কর্তৃক সকল হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনিষ্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা দানকারী প্রতিষ্ঠানসমূহকে ধূমপানমুক্ত সতর্কতা নোটিশ টাঙ্গানোর জন্য চিঠি প্রদান করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানকে শতভাগ ধূমপানমুক্ত নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা শিক্ষা অফিসার কর্তৃক চিঠি প্রদান করা হয়েছে।জেলা মোটর মালিক সমিতিকে পাবলিক পরিবহনে সতর্কতা নোটিশ টাঙ্গিয়ে দেয়ার জন্য চিঠি প্রদান করা হয়েছে। এ ছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৪৭ : **কুড়িগ্রাম ডিজএ্যাবল্ড পিপলস অর্গানাইজেশন টু ডেভেলপমেন্ট (কেডিপিওডি), ফুলবাড়ী, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কেডিপিওডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৪৮ : **তৃণমুল নারী ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সভানেত্রী,তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম পৌরসভায় মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে বাস্তবায়িত কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল প্রকল্পের অধীনে ১০৮০ জন উপকারভোগী মাকে ২২ টি গ্রুপের মাধ্যমে অধিদপ্তরের নির্ধারিত পুষ্টি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষন প্রদানের কার্যক্রম চলছে। উলিপুর পৌরসভায় ৩০০ জন উপকারভোগী মহিলাকে নিয়ে গ্রুপ তৈরীর কাজ চলছে। নারীদের পারিবারিক আইন বিষয়ক প্রশিক্ষণ, জেলা পরিষদের অর্থায়নে কিশোর-কিশোরীদের মাঝে বিতরণকৃত ছাগল-ভেড়া পালন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

আলোচ্যসূচি- ৪৯ : **সফট এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সফট, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৫০ : **গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২ টি স্বাস্থ্য কেন্দ্র (কলাকাটা গণস্বাস্থ্য কেন্দ্র ও অষ্টআশিরচর গণস্বাস্থ্য উপকেন্দ্র) স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রমে ৩৮০ জন রোগীকে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করেছে। মৌসুমী ঋণ কার্যক্রমে উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও সাহেবের আলগা ইউনিয়নের ১১০২ জন উপকারভোগীর মাঝে ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৫১ : **পিদিম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : পিদিম ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৫২ : **সিসিডিবি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সিসিডিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ঝড়েপড়া ও বিদ্যালয় বহির্ভূত শিশুদের নিয়ে ৪৪ টি শিশু শিখন কেন্দ্রে ৬৪৯ জন ছেলে ও ৬৪৫ জন মেয়ে মোট ১২৪৯ জন শিক্ষার্থী অধ্যায়নরত আছে। পাঁচ বছর বয়সী শিশুদের নিয়ে প্রি-স্কুল ১৭ টি কেন্দ্র পরিচালিত হয়। প্রি-স্কুলে অধ্যায়নরত শিক্ষার্থী ছেলে ২২০ জন এবং মেয়ে ২৫৮ জন মোট ৪৭৮ জন। প্রাইমারী স্কুলে তুলনামূলক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিয়ে ৮ টি ক্যাম্প কার্যক্রম পরিচালিত হয়েছিল্ যেখানে অধ্যায়নরত শিক্ষার্থী ছিল ছেলে ১০৩ জন এবং মেয়ে ৯৭ জন মোট ২০০জন। শিক্ষা আন্দোলন জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদে শিক্ষা কমিটির সাথে মিটিং করা সহ বিভিন্ন মিটিং ওরিয়েন্টশন পরিচালনা করা হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৫৩ : **গণউন্নয়ন কেন্দ্র এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৫৪ : **এসকেএস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এসকেএস, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৫৫ : **মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা।**

আলোচনা : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৫৬ : **স্কীল ফুল-সুইসকন্ট্যাক্ট এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : স্কীলফুল-সুইসকন্ট্যাক্ট, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৫৭ : **হাতিয়া উন্নয়ন সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : হাতিয়া উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি- ৫৮ : **মানব কল্যান সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : নির্বাহী পরিচালক, মানব কল্যান সংস্থা, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থার গৃহীত কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি- ৫৯ : **সুশীলন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সুশীলন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

চলমান-৭

**আলোচ্যসূচি -৬০ : ইসলামিক রিলিফ বাংলাদেশ, উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, Alternative Orphan Family Sponsorships programme through Sustainable livelihoods (ALO-IRUK) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার বুড়াবুড়ী, দূর্গাপুর, পান্ডুল, হাতিয়া, দলদলিয়া ও ধরনীবাড়ী ইউনিয়নের প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৭৫০ টি পরিবারকে নানা ধরণের সচেতনতামূলক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। উলিপুর উপজেলার পান্ডুল, দূর্গাপুর ও হাতিয়া ইউনিয়নে ৪০০ টি অসহায় এতিম পরিবারে ২০,০০০/- টাকা করে মোট ৮০,০০,০০০/- (আশি লক্ষ)টাকা ব্যবসায় শুরু করার জন্য প্রদান করেছে। উলিপুর উপজেলার দূর্গাপুর, বুড়াবুড়ি, হাতিয়া, ধরনীবাড়ী ও দলদলিয়া ইউনয়নের ৭৫০ টি অসহায় ও এতিম পরিবারের শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা হিসেবে ২,০০০/- টাকা করে মোট ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা প্রদান করা হয়েছে। উলিপুর উপজেলার দূর্গাপুর, বুড়াবুড়ি, হাতিয়া, ধরনীবাড়ী, দলদলিয়া ও পান্ডুল ইউনিয়নে এপর্যন্ত ৪৪ টি শিশু ক্লাব গঠন করা হয়েছে যার মাধ্যমে শিশুরা প্রতিভা বিকাশের সুযোগ পাচ্ছে। উল্লিখিত কাজের পাশাপাশি সংস্থার অন্যান্য কার্যক্রমও যথারীতি চলছে।

**আলোচ্যসূচি- ৬১ : উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

**আলোচ্যসূচি- ৬২ : চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা,উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা ফেব্রুয়ারি ২০১৬ মাসে ৬ টি ছাগল, ৭ টি ভেড়া এবং ১০ টি স্যানিটেশন হতদরিদ্রদের মাঝে বিতরণ করেছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি- ৬৩ : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রকল্প ব্যবস্থাপক,হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় ২১৪ টি পরিবারের লাইভলিহুড এবং ১২৬ জন প্রতিবন্ধী ব্যক্তির রিহ্যাবিলিটেশন এ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে। ৮৮ টি পরিবারের জন্য লাইভলিহুড সহায়তা হিসেবে গরু, মাছ ও চাহিদা অনুসারে অন্যান্য সম্পদ সহায়তা প্রদান করা হয়েছে যার আনুমানিক মূল্য ১৭,৬০,০০০/- টাকা। ২৮১ টি উপকারভোগী পরিবারকে ৬০০/- টাকা হিসেবে মোট ১,৬৮,৬০০/- টাকা স্টাইপেন্ড প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি- ৬৪ : বহুব্রীহি, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রজেক্ট অফিসার,বহুব্রীহি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা প্রকল্পে রৌমারী উপজেলার দাঁতভাঙ্গা ইউনিয়নে Inclusion of Older People in Disaster Resilience in South Asia প্রকল্পে Community Based Organization (CBO) কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি- ৬৫ : গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। ফেব্রুয়ারি ২০১৬ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ৫ (পাঁচ) জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ২৮ (আটাশ) জন এবং ১ টি প্রচারনা কার্যক্রমের মাধ্যমে ব্যপক জনগোষ্ঠিকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি- ৬৬ : অপরাজেয় বাংলাদেশ,কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : অপরাজেয় বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

চলমান-৮

আলোচ্যসূচি- ৬৭ : **বিবিধ**

আলোচনা : ১। সভাপতি সলিডারিটি, কুড়িগ্রামের কার্যক্রমের উপর সংক্ষিপ্ত ও সুন্দর উপস্থাপনার জন্য সংশ্লিষ্ট এনজিও'র কর্মকর্তা/সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানান।

২। আগামী সভায় কোন এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করবে তা জানতে চাইলে উপস্থিত এনজিও প্রতিনিধিগণ ইসলামকি রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের দায়িত্ব দেন। সভাপতি উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা,অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য পরামর্শ প্রদান করেন।

৩। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত এনজিও পোর্টালে অন্তর্ভূক্ত এনজিওসমূহের একাউন্ট নবায়ন ও সংস্থার তথ্য হালনাগাদ বিষয়ে জানান যে, ৮টি এনজিও/সংস্থা ২০১৫ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদান করে ব্যাংক জমা রশিদের মূলকপি এখনও দাখিল করেনি। সভাপতি বর্ণিত ৮টি এনজিও/সংস্থাকে চলতি মাসের মধ্যে ২০১৫ সালের বকেয়া টাকা পরিশোধ করতে পুনরায় অনুরোধ জানান। পোর্টালে অন্তর্ভূক্ত সকল এনজিওসমূহকে ২০১৬ সালের জন্য নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা জরুরিভিত্তিতে জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি জেলা প্রশাসকের কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে অনুরোধ জানান এবং সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৪। সহকারী কমিশনার,সাধারণ শাখা সকল সংস্থার ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ বিষয়ে জানান যে, এ পর্যন্ত ৪৩ টি এনজিও/সংস্থা তাদের হালনাগাদ তথ্য (অল্প পরিমাণ) আপলোড করেছে। তবে এখনও চাহিদা মোতাবেক সম্পূর্ণ তথ্য আপলোড হয়নি। বাকী ১৭ টি সংস্থা এখনও তাদের ওয়েব পোর্টালের তথ্য আপলোড করেনি। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম জানান যে, কুড়িগ্রাম এনজিও পোর্টাল প্রণয়নকারি প্রতিষ্ঠানের মাধ্যমে পোর্টালে অন্তর্ভূক্ত এনজিওসমূহের মনোনিত প্রতিনিধি/ফোকাল পার্সনকে ইতোপূর্বে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপস্থিত এনজিও/সংস্থার প্রধান/প্রতিনিধির সম্মতিক্রমে সভাপতি ওয়েব পোর্টালে তথ্য আপলোড করার জন্য সকল এনজিও প্রধানকে পুনরায় অনুরোধ জানান। তিনি বলেন যে, পর্যায়ক্রমে ডিজিটাল পদ্ধতিতে এনজিও সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে হবে।বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৫। সভাপতি সকল সংস্থাকে তাদের স্বীয় কাযর্ক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) নিজ ওয়েব পেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

৬। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন এনজিও/সংস্থার ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন এবং জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল নিয়মিত ভিজিট, অন্তর্ভূক্ত হয়ে তথ্য আপলোড করার জন্য পরামর্শ প্রদান করেন। ইনোভেটিভ আইডিয়া সমূহ বাস্তবায়নে সরকারের আর্থিক সক্ষমতা বিবেচনায় রেখে জেলা ও উপজেলা প্রশাসন এবং বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহকে সম্পৃক্তকরণে কার্যকর ভূমিকা রাখতে সভায় উপস্থিত এনজিও/সংস্থার প্রতিনিধি উক্ত বিষয়ে একমত পোষণ করেন।।

৭। প্রযুক্তিসমৃদ্ধ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অনিবার্য সূচক হলো- প্রতিটি মানুষকে সচেতন ও স্বশিক্ষিত করে গড়ে তোলার মাধ্যমে সুশিক্ষিত, মননশীল, প্রযুক্তিনির্ভর দুর্নীতি ও কুসংস্কারমুক্ত এবং মানসম্মত শিক্ষার বিষয়ে বেসরকারী সংস্থার দৃষ্টিভঙ্গীর জন্য উপস্থিত সকল সংস্থাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভাপতি বলেন, ব্যক্তিগত, পারিবারিক ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে এ বিষয়ে সচেতনতা কর্মসূচি গ্রহণ করতে হবে। বেসরকারী সংস্থা সমূহ মাঠ পর্যায়ে কাজ করার কারণে পারিবার পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে পারেন। তদুপরি, উঠান বৈঠক, ক্ষুদ্রঋণ বিতরণের সময় এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কার্যক্রমে এ বিষয়ে আলোচনা করে ব্যক্তি, পরিবার ও সমাজকে সচেতন করা যেতে পারে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৮। আগামী ১৭ মার্চ ২০১৬ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭ তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উপলক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে এ জেলায় কার্যরত এনজিও/সংস্থাকে প্রতিবারের ন্যায় এবছরও স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণের অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত এনজিও/সংস্থার প্রতিনিধিবৃন্দ উক্ত দিবস দুটি'তে আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণের বিষয়ে একমত পোষণ করেন।

চলমান-৯

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সভায় নিয়মিতভাবে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য নিয়মিত আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৫ | এনজিও সমূহের কার্যক্রম মনিটরিং এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩(তিন) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত যে সমস্ত এনজিও এখনও ২০১৫ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- (আটশত) টাকা মাত্র জমা প্রদানের রশিদ দাখিল করেনি তারা চলতি মাসের মধ্যে ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করবেন। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | আগামী সভায় ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৮ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ৯ | সুশিক্ষিত, মননশীল, প্রযুক্তিনির্ভর দুর্নীতি ও কুসংস্কারমুক্ত সমাজ এবং মানসম্মত শিক্ষার বিষয়ে সচেতনতা গড়ে তোলার জন্য সমন্বিত কার্যক্রম গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | আগামী ১৭ মার্চ ২০১৬ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭ তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উপলক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে এ জেলায় কার্যরত এনজিও/সংস্থাকে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | বেসরকারি পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষে জেলা ও উপজেলা ইনোভেশন টিম এবং জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত হয়ে জেলা ও উপজেলা ওয়েব পোর্টালে স্ব স্ব সংস্থার তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

সভাপতি বলেন সংস্থাগুলো জনগণের উন্নয়নে যথেষ্ট শ্রম দিয়ে চলছে। জেলার উন্নয়নে এনজিওদের অবদান অনস্বীকার্য। প্রত্যেক সংস্থাকে নিজস্ব কার্যক্রমের পাশাপাশি মানসম্মত শিক্ষা, শিশু নির্যাতন, মানব পাচার এবং বাল্য বিবাহ রোধে প্রচারণাসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য এবং ১৭ মার্চ ২০১৬ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭ তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৬ উপলক্ষ্যে উপজেলা ও জেলা প্রশাসন আয়োজিত প্রত্যেকটি কর্মসূচিতে কুড়িগ্রামের আপামর জনসাধারণসহ এ জেলায় কার্যরত সকল এনজিও/সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীকে স্বত:স্ফুর্তভাবে অংশগ্রহনের উদাত্ত আহবান জানিয়ে এবং সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(খান মোঃ নুরুল আমিন)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

চলমান-১০

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৩.১৬ - ২৫৭(৭৫)

তারিখঃ ০২ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ।
১৬ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি,মৎস্য ভবন, রমনা, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।

০৪। ...............................................................

...............................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম এঁর পক্ষে।

পরিশিষ্ট-ক

## এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় উপস্থিতি
## সভার তারিখঃ ১৪/০৩/২০১৬খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আকতার হোসেন আজাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম | ০১৭১৫০৩৫৭১৫ | স্বাঃ |
| ২ | জনাব শেখ মোঃ আবু বকর, প্রজেক্ট ম্যানেজার, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রাম | ০১৭১৮৬৬৩২৩৫ | স্বাঃ |
| ৩ | জনাব তাহমিনা আক্তার (মিনা)সভানেত্রী, তৃণমূল নারী ফাউন্ডেশন | ০১৭১৮৮৩৬৮৩৫ | স্বাঃ |
| ৪ | জনাব ফারহানা, সোস্যাল ওয়ার্কার, অপরাজেয় বাংলাদেশ, কুড়িগ্রাম | ০১৭২৪৬৭৩৩০১ | স্বাঃ |
| ৫ | জনাব মোঃ আব্দুর রহমান মন্ডল, ট্রেনিং কো-অর্ডিনেটর, অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | ০১৭১৬৪২৮৮২২ | স্বাঃ |
| ৬ | জনাব সোহেল আরমান,ম্যানেজার ভিজিডি কর্মসূচি , সন্ধান, কুড়িগ্রাম | ০১৭১৮৮৩৬৮৩৫ | স্বাঃ |
| ৭ | জনাব শংকর কুমার রায়, শাখা ব্যবস্থাপক, উদয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬১৭০৯০৪১ | স্বাঃ |
| ৮ | জনাব মোঃ শফিকুল ইসলাম, জেলা কর্মকর্তা(নিউট্রেশন), আরডিআরএস, কুড়িগ্রাম | ০১৭৩০৩২৮২৫৭ | স্বাঃ |
| ৯ | জনাব মোঃ আবু রায়হান, শাখা ব্যবস্থাপক, উদ্দীপন,কুড়িগ্রাম | ০১৭১৩১৪৭২৯৮ | স্বাঃ |
| ১০ | জনাব মোঃ আব্দুল মতিন সরকার,সাধারণ সম্পাদক, চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | ০১৭১৭০০১৪২০৩ | স্বাঃ |
| ১১ | জনাব মোঃ মোশাররফ হোসেন,এলাকা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ০১৭৩৩২২০৭৩১ | স্বাঃ |
| ১২ | জনাব স্নিগ্ধা পারভীন, ফিন্যান্স অফিসার, সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রাম | ০১৭১৪৫৫৮৫৯৪ | স্বাঃ |
| ১৩ | জনাব সুশান্ত পাল,পরিচালক (কর্মসূচি), ঠিকানা সংস্থা, কুড়িগ্রাম | ০১৭১৫৯১৩৭৪১ | স্বাঃ |
| ১৪ | জনাব মোঃ সাজ্জাদ হোসেন, কেডিএবি,চিলমারী-উলিপুর, কুড়িগ্রাম | ০১৭১৭৫৪৫৩৯৩ | স্বাঃ |
| ১৫ | জনাব মোঃ জাহেদুল ইসলাম, ক্লিনিক ম্যানেজার, মেরি স্টোপস ক্লিনিক, কুড়িগ্রাম | ০১৭৩৩৯৫৫০২১ | স্বাঃ |
| ১৬ | জনাব মোঃ মনিরুজ্জামান, ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম | ০১৭৫৭৯৯০২২৩ | স্বাঃ |
| ১৭ | জনাব মোঃ মহাতাব চৌধূরী, ডিএসবিএম, টিএমএসএস, কুড়িগ্রাম | ০১৭১৪৫২৫৮৬২ | স্বাঃ |
| ১৮ | জনাব মোঃ দুলাল হোসেন, প্রজেক্ট অফিসার, বহুব্রীহি,রৌমারী, কুড়িগ্রাম | ০১৭১০০৫০৩৩২ | স্বাঃ |
| ১৯ | জনাব মোঃ সোহেল রানা, প্রোগ্রাম অফিসার, ইএসডিও, কুড়িগ্রাম | ০১৭১৭৮৬৬৯৫৬ | স্বাঃ |
| ২০ | জনাব সৌমেন দাস,এরিয়া ম্যানেজার, টিআইবি (সনাক), কুড়িগ্রাম | ০১৭১৪০৯২৮৩৮ | স্বাঃ |
| ২১ | জনাব পাপন সরকার, প্রকল্প ব্যবস্থাপক, জীবিকা, কুড়িগ্রাম | ০১৭১৬৬৮৩৯৬৩ | স্বাঃ |
| ২২ | জনাব মাহমুদা শারমীন, ক্লিনিক ম্যানেজার, গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম | ০১৭৩৮৯৮৮৪১৯ | স্বাঃ |
| ২৩ | জনাব মোঃ কবির হোসেন,কমিউনিটি ডেভেলপমেন্ট ম্যানেজার, শিশু পল্লী প্লাস, কুড়িগ্রাম | ০১৭১৫২৯০৬৪৯ | স্বাঃ |
| ২৪ | জনাব সাঈদা ইয়াছমিন,প্রধান নির্বাহী, আফাদ কুড়িগ্রাম | ০১৭১৯৬৯১৪০৯ | স্বাঃ |
| ২৫ | জনাব মোঃ মমিনুল ইসলাম,প্রকল্প ব্যবস্থাপক, ফ্রেন্ডশীপ, কুড়িগ্রাম | ০১৭১৮৩৩৬১৮৭ | স্বাঃ |
| ২৬ | জনাব মোর্শেদ বদরুন্নেছা বীথি, প্রকল্প পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রাম | ০১৭১২৫৩৬১০৪ | স্বাঃ |
| ২৭ | জনাব মোঃ রেজাউল করিম, সহকারী প্রকল্প কর্মকর্তা, ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম | ০১৭৫৫৬৮৯৪৪৪ | স্বাঃ |
| ২৮ | জনাব খন্দকার মোস্তাহিদ আলম, এজিএম, কাশেম ফাউন্ডেশন, কুড়িগ্রাম | ০১৭১৬২৯১৭১৩ | স্বাঃ |
| ২৯ | জনাব মোঃ নূরল হাবিব পাভেল, ফিল্ড কো-অর্ডিনেটর, এনজিও এসোসিয়েশন(কেনা), কুড়িগ্রাম | ০১৭১৫৫০৭২৪৫ | স্বাঃ |
| ৩০ | জনাব মোঃ আজাহার আলী সরকার, নির্বাহী পরিচালক, মানব কল্যাণ সংস্থা, কুড়িগ্রাম | ০১৭১৪৪৫৩৩২০ | স্বাঃ |
| ৩১ | জনাব মোঃ জয়নাল আবেদীন,জেলা সমন্বয়কারী, প্রুফস-আইডিই বাংলাদেশ, কুড়িগ্রাম | ০১৯১৮৮৮৯৯৬৩ | স্বাঃ |
| ৩২ | জনাব আল মোনতাজির,প্রোগ্রাম ম্যানেজার, এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রাম | ০১৭১৭৭২৯৬৮১ | স্বাঃ |
| ৩৩ | জনাব বাবুল করিম, এরিয়া ম্যানেজার, সিসিডিবি, কুড়িগ্রাম | ০১৭২২৭৩৩১৯৬ | স্বাঃ |
| ৩৪ | জনাব মোঃ রোকনুজ্জামান সরকার, ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | ০১৭২২৮০৭১৭০ | স্বাঃ |
| ৩৫ | জনাব মোঃ হাফিজুর রহমান, ইউনিট অর্গানাইজার, সিএমইএস, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭২৩৩১৫৩৪৫ | স্বাঃ |
| ৩৬ | জনাব বিবেকানন্দ অধিকারী,জেলা ব্যবস্থাপক, টিডিএইচ ফাউন্ডেশন, কুড়িগ্রাম | ০১৮২১৩২৪১২৪ | স্বাঃ |
| ৩৭ | জনাব মোঃ তৌফিকুল ইসলাম, প্রেগ্রাম অফিসার, এসিডি, কুড়িগ্রাম | ০১৭৫১০৮৫০৯৩ | স্বাঃ |
| ৩৮ | জনাব মোঃ দুলাল হোসেন, শাখা ব্যবস্থাপক, গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | ০১৭৪৫৪০৭০২১ | স্বাঃ |

পরিশিষ্ট-খ

এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় অনুপস্থিতি
সভার তারিখঃ ১৪/০৩/২০১৬খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপজেলা সমন্বয়কারী, পিদিম ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম | |
| ২ | কেডিপিওডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম | |
| ৩ | নির্বাহী পরিচালক,সফট, কুড়িগ্রাম | |
| ৪ | প্রোগ্রাম ম্যাজোর, এইড কুমিল্লা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | |
| ৫ | পরিচালক, জনকল্যাণ কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ৬ | নির্বাহী পরিচালক, হাতিয়া উন্নয়ন সংস্থা,উলিপুর, কুড়িগ্রাম | |
| ৭ | নির্বাহী পরিচালক, উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ৮ | শাখা ব্যবস্থাপক, সিড়ি, কুড়িগ্রাম | |
| ৯ | নির্বাহী পরিচালক, বকুতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | |
| ১০ | প্রকল্প সমন্বয়কারী,বিডিএসসি, কুড়িগ্রাম | |
| ১১ | প্রোজেক্ট অফিসার, স্কীলফুল- সুইসকন্টাক্ট, কুড়িগ্রাম | |
| ১২ | প্রোগ্রাম ম্যানেজার, কিরারানোকাই, কুড়িগ্রাম | |
| ১৩ | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র | |
| ১৪ | ম্যানেজার, মুসলিম এইড, নাগেশ্বরী, কুড়িগ্রাম | |
| ১৫ | জেলা সমন্বয়কারী, সুশীলন, কুড়িগ্রাম | |
| ১৬ | পরিচালক, এমজেএসকেএস, বুলিপুর, কুড়িগ্রাম | |
| ১৭ | নির্বাহী পরিচালক, সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রাম | |
| ১৮ | প্রধান নির্বাহী, আফাদ কুড়িগ্রাম | |
| ১৯ | প্রজেক্ট ডিরেক্টর, এসো দেশ গড়ি, কুড়িগ্রাম | |
| ২০ | এরিয়া ম্যানেজার, আশা, কুড়িগ্রাম | |
| ২১ | গণ উন্নয়ন কেন্দ্র, রৌমারী, কুড়িগ্রাম | |
| ২২ | নির্বাহী প্রধান, ছিন্নমুকুল, কুড়িগ্রাম | |
| ২৩ | জেলা ব্র্যাক প্রতিনিধি,কুড়িগ্রাম | |
| ২৪ | প্রোগ্রাম ম্যানেজার, কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | |
| ২৫ | নির্বাহী পরিচালক,কাশিম বাজার স্বাস্থ্য সেবা কেন্দ্র, কুড়িগ্রাম | |